

ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের ভালো ফলের স্বীকৃতি দিল ব্রিটিশ কাউন্সিল

নিজের প্রতিবেদক

পরীক্ষায় ভালো ফলের জন্য ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের হিন ক্যাটাগরিতে সনদপত্র দিয়েছে ব্রিটিশ কাউন্সিল। ক্যামব্রিজ কারিকুলামের 'এ' আর্টসিএসই এবং 'এএস' স্তরের মেধাবী শিক্ষার্থীদের এসব সনদপত্র দেওয়া হয়। গতকাল শনিবার সন্ধ্যায় রাজধানীর ওয়েস্টিন হোটেল এক অনুষ্ঠানের মাধ্যমে তাদের হাতে সনদপত্র দেওয়া হয়।

'টপ ইন দ্য ওয়ার্ল্ড', 'টপ ইন দ্য বাংলাদেশ' এবং 'হাই অ্যাক্টিভমেন্ট' এই তিন ক্যাটাগরিতে এসব সনদপত্র দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। আরো বক্তব্য দেন ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল কারিকুলামের সাউথ এশিয়ার রিজিওনাল ম্যানেজার উইলিয়াম বিকারডিক, সাউথ এশিয়া ব্রিটিশ কাউন্সিলের অ্যাডমিক পেরিচালক স্টিভ অ্যাডামস এবং ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের পরিচালক (পরিচালনা) দিনীপ অধিকারী।

শিক্ষার্থীদের উদ্দেশে, অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, 'পরীক্ষায় সাফল্য মানে জীবনের অর্ধেক সাফল্য অর্জন। যারা আজকে সার্টিফিকেট পাচ্ছে তারা সে সাফল্য অর্জন করেছে। তোমাদেরকে অভিনন্দন।' তিনি বলেন, 'বর্তমান যুগ হলো জ্ঞান ও দক্ষতার সময়। শুধু জ্ঞান থাকলে হবে না। সঙ্গে দক্ষতাও অর্জন করতে হবে। একজন জ্ঞানী লোকের সমাজে যেমন দরকার, তেমনই দক্ষ লোকেরও প্রয়োজন আছে। ক্যামব্রিজ কারিকুলাম পুরনো হলেও সময়ের সঙ্গে সঙ্গে তা পরিবর্তিত হয়। ভবিষ্যতে শিক্ষার্থীদের জ্ঞানের সঙ্গে সঙ্গে দক্ষতাও অর্জন করতে হবে। বাংলাদেশ সম্ভাবনায় দেশ। সে সম্ভাবনাকে আরো জোরপা করে তোলার, দায়িত্ব নতুন প্রজন্মকেই নিতে হবে।